"আমিষেই শক্তি, আমিষেই মুক্তি"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
মৎস্য-২ শাখা
www.mofl.gov.bd

নং-৩৩.০০.০০০০.১২৭.২০.০০৭.২৪-১০৩

তারিখ: ০৮ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
২১ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়ঃ বর্তমান ২০২৫-২৬ অর্থবছরে কাপ্তাই হ্রদে মৎস্য আহরণ বন্ধকালীন ২৬,৮৪৫ টি জেলে পরিবারকে মানবিক সহায়তা কর্মসূচির আওতায় ভিজিএফ (চাল) প্রদান

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মানবিক সহায়তা কর্মসূচির আওতায় চলতি ২০২৫-২৬ অর্থবছরে কাপ্তাই হ্রদে মৎস্য আহরণ বন্ধকালীন রাঙ্গামাটি ও খাগড়াছড়ি জেলার ১০টি উপজেলার ২৬,৮৪৫ টি জেলে পরিবারের অনুকূলে পরিবার প্রতি মাসিক ২০ কেজি হারে দুই মাসের জন্য ৪০ কেজি করে (মে ও জুন/২৬) ১০৭৩.৮০ মে.টন ভিজিএফ (চাল) নিম্নবর্ণিতভাবে সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণের অনুকূলে বরাদ্দ মঞ্জুরি জ্ঞাপন করা হলো:

| ক্রম | জেলা | উপজেলা | জেলের সংখ্যা | ভিজিএফ (চাল) বরাদ্দ মে.টন |
|---|---|---|---|---|
| ১. | রাঙ্গামাটি | রাঙ্গামাটি সদর | ৫,৩৪৭ জন | ২১৩.৮৮ |
| | | লংগদু | ৯,১৭৪ জন | ৩৬৬.৯৬ |
| | | বাঘাইছড়ি | ১,৯৮৮ জন | ৭৯.৫২ |
| | | নানিয়ারচর | ১,৮৬৭ জন | ৭৪.৬৮ |
| | | কাপ্তাই | ৮৫৭ জন | ৩৪.২৮ |
| | | বিলাইছড়ি | ১,০৭৭ জন | ৪৩.০৮ |
| | | জুরাছড়ি | ৮০৬ জন | ৩২.২৪ |
| | | বরকল | ২,৯৫৫ জন | ১১৮.২ |
| | | **উপমোট** | **২৪,০৭১ জন** | **৯৬২.৮৪** |
| ২. | খাগড়াছড়ি | মহালছড়ি | ১,৫৯১ জন | ৬৩.৬৪ |
| | | দিঘীনালা | ১,১৮৩ জন | ৪৭.৩২ |
| | | **উপমোট** | **২,৭৭৪ জন** | **১১০.৯৬** |
| | | **সর্বমোট** | **২৬,৮৪৫ জন** | **১০৭৩.৮০** |

ক) জেলা প্রশাসকগণ মঞ্জুরিকৃত ভিজিএফ (চাল) কাপ্তাই হ্রদে মৎস্য আহরণে বিরত থাকা নিবন্ধিত মৎস্যজীবীদের মধ্যে মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা, ২০১২-১৩ অনুসরণপূর্বক ৩০/০৫/২০২৬ তারিখের মধ্যে উত্তোলন ও বিতরণ সম্পন্ন করবেন এবং নিরীক্ষার জন্য প্রয়োজনীয় হিসাব সংরক্ষণ করবেন;

খ) সময় স্বল্পতার কারণে জেলা প্রশাসকগণ বরাদ্দ প্রাপ্তির ০১(এক) কার্যদিবসের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারগণের অনুকূলে উপ-বরাদ্দ প্রদান করবেন এবং সংশ্লিষ্ট জেলা মৎস্য কর্মকর্তাকে অবহিত করবেন;

গ) উপজেলা নির্বাহী অফিসারগণ উপ-বরাদ্দ প্রাপ্তির পর নির্দিষ্ট সময়ের মধ্যে বরাদ্দকৃত খাদ্যশস্য উত্তোলন করে বিতরণ সূচি তৈরি করতঃ ব্যবস্থাপক, কাপ্তাই হ্রদ মৎস্য উন্নয়ন ও বিপনন কেন্দ্র, বামউক, রাঙ্গামাটি পার্বত্য জেলা এবং সংশ্লিষ্ট উপজেলা মৎস্য কর্মকর্তাকে অবহিত করবেন;

ঘ) কার্ডধারী জেলে ব্যতীত অন্য কাউকে এ ভিজিএফ দেয়া যাবেনা। ভিজিএফ বিরতরণকালে উপজেলা মৎস্য কর্মকর্তা, ট্যাগ অফিসার এবং বামউক-এর প্রতিনিধির উপস্থিতি নিশ্চিত করতে হবে;

ঙ) মৃত কিংবা পেশা পরিবর্তনের কারনে জেলেদের সংখ্যা পরিবর্তন হয়ে থাকলে তা পর্যালোচনা/পরীক্ষা করে নীতিমালা অনুযায়ী ভিজিএফ বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে;

চ) জেলা প্রশাসকগণ কর্তৃক ভিজিএফ (চাল) বিতরণ কার্যক্রমের সাথে সমন্বয় করে ব্যবস্থাপক, কাপ্তাই হ্রদ মৎস্য উন্নয়ন ও বিপনন কেন্দ্র, বামউক, রাঙ্গামাটি যাবতীয় কার্যক্রম শেষে চেয়ারম্যান, বিএফডিসি বরাবরে প্রতিবেদন প্রেরণ করে মন্ত্রণালয়কে অবহিত করবেন;

ছ) চলতি ২০২৫-২৬ অর্থ বছরে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের বাজেট কোড নং "১২০০০১৯০৩-৩৭২২১০১ ত্রাণ কার্য (চাল)" খাত হতে ব্যয় নির্বাহ হবে;

জ) জেলা প্রশাসকগণ কর্তৃক ভিজিএফ (চাল) বিতরণ কার্যক্রম শেষে ১০ (দশ) কার্য দিবসের মধ্যে খাদ্য মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক খাদ্যশস্য ও পরিবহন ব্যয় Book Adjustment করার নিমিত্ত বরাদ্দের বিপরীতে প্রকৃত বিতরনকৃত খাদ্যশস্য-এর বিবরণী বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশনের মাধ্যমে সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় বরাবরে প্রেরণ করবেন;

০২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের প্রেক্ষিতে জারি করা হলো।

২১/০৪/২০২৬
(নাসরিন চৌধুরী)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৫৫১০০৪৩৮
ই-মেইলঃ fisheries-২@mofl.gov.bd

জেলা প্রশাসক
রাঙ্গামাটি/খাগড়াছড়ি পার্বত্য জেলা

নং-৩৩.০০.০০০০.১২৭.২০.০০৭.২৪-১০৩(১৬)

তারিখ: ০৮ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ / ২১ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা;
০২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৩. সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৪. চেয়ারম্যান, বিএফডিসি, ২৩-২৪ কারওয়ান বাজার, তেজগাঁও, ঢাকা;
০৫. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা;
০৬. মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, খাদ্য ভবন, ১৬, আব্দুল গণি রোড, ঢাকা;
০৭. মন্ত্রীর একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য);
০৮. উপসচিব (বাজেট), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
০৯. উপসচিব (সামুদ্রিক মৎস্য-১), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১০. সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
১১. জেলা মৎস্য কর্মকর্তা, রাঙ্গামাটি/খাগড়াছড়ি;
১২. জেলা খাদ্য নিয়ন্ত্রক, রাঙ্গামাটি/খাগড়াছড়ি;
১৩. ব্যবস্থাপক, কাপ্তাই হ্রদ মৎস্য উন্নয়ন ও বিপনন কেন্দ্র, বামউক, রাঙ্গামাটি পার্বত্য জেলা;
১৪. চিফ একাউন্টস এন্ড ফাইন্যান্স অফিসার, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
১৫. সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি **ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ**);
১৬. অফিস কপি/মাস্টার কপি।

২১/০৪/২০২৬
(নাসরিন চৌধুরী)
সিনিয়র সহকারী সচিব

D:\nnnnnn\sadia 2018\ভিজিএফ ২২-২৩\২৫-২৬\ভিজিএফ জি.ও.docx